দৈনিক সংবাদ

তারিখ 23 JUN 1986
পৃষ্ঠা 1 কলাম 3

067

# এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে ৫০ জন বহিষ্কৃত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

চলতি এইচ, এস, সি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল রোববার ঢাকা ও যশোর বোর্ডের ৫০ জন পরীক্ষার্থী নকল করার অভিযোগে বহিস্কৃত হয়েছে বলে সর্বশেষ খবরে জানা গেছে। গতকাল ইংরেজী প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বহিস্কৃতদের মধ্যে ঢাকা বোর্ডের পরীক্ষার্থীদের সংখ্যা ৪৭, এদের মধ্যে জগন্নাথ কলেজ কেন্দ্রের ১৩জন, সিটি কলেজের ৪জন, ইডেন এবং কবি নজরুল কলেজে ১জন করে, তিতুমীর কলেজের ৩জন, ঢাকা কলেজের ২ জন, ময়মনসিংহের কুলিয়ার চর কলেজের ৭ জন, ফরিদপুরের সারদা সুন্দরী মহিলা কলেজের ১ জন, মাদারীপুর সরকারী কলেজের ৬জন রয়েছে।

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, গতকাল রোববার এইচ এস সি পরীক্ষার দ্বিতীয় দিনে মানিকগঞ্জের ৩টি পরীক্ষা কেন্দ্র থেকে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে ৯ জনকে বহিস্কার করা হয়। এরমধ্যে দেবেন্দ্র কলেজ থেকে ৩জন মহাদেবপুর কলেজ কেন্দ্র থেকে ৫জন এবং গৌরীপুর কেন্দ্র থেকে ১ জনকে বহিস্কার করা হয়।

বাগেরহাট

বাগেরহাট থেকে নিজস্ব সংবাদদাতা জানান, অসদুপায় অবলম্বনের জন্য গতকাল বাগেরহাটে ৩জন এইচ,এস,সি পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে।

যশোর বোর্ডের অধীনে ইংরেজী প্রথমপত্র পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের জন্য বাগেরহাট সরকারী পিসি কলেজ কেন্দ্রে ১ জনকে এবং খানজাহান আলী কলেজ কেন্দ্রে ২ জনকে বহিস্কার করা হয়েছে।